



## ■ Dr Nilanjan Dastidar

Deputy Assistant Director  
Health Services

বর্তমানে কোভিড মহামারীর দ্বিতীয় তরঙ্গের অভিঘাতে বিপর্যস্ত মানবজাতির স্বাভাবিক জীবনযাপন। এই তরঙ্গের আরও ভয়াবহ হওয়ার অন্যতম কারণ হল কোভিড আক্রান্ত রোগীদের সনাক্তকরণের নিশ্চিত পরীক্ষা আরটি-পিসিআর-এর ভুল করে নেগেটিভ রিপোর্ট দেওয়া। বিশেষজ্ঞরা এর প্রধান তিনটি কারণ চিহ্নিত করেছেন:

১. আরটি-পিসিআর একই ভাইরাসের আগে থেকে ক্যামেরা বন্দি হওয়া জিনগত চিত্রের ভিত্তিতে ভাইরাসটিকে সনাক্ত করে। বর্তমানে কোভিড মহামারীর দ্বিতীয় তরঙ্গের সার্স-কোভ-২ ভাইরাসটি তার জিনগত বিন্যাসের একাধিক অঞ্চলে পরিবর্তিত হওয়ার সাথে সাথে আসল জিনগত চিত্রটি বর্তমান সার্স-কোভ-২ এর জেনেটিক সিকোয়েন্স থেকে পরিবর্তিত হয়ে পরেছে। এর ফলেই ভুল ভাবে এই পরীক্ষার নেগেটিভ রিপোর্ট ধরা পড়ে চলেছে।
২. কোভিড মহামারীর দ্বিতীয় তরঙ্গে আরও বেশি সংখ্যক লোক কোভিডে আক্রান্ত হচ্ছে। এই ওয়েভে সার্স-কোভ-২ ভাইরাসটি ন্যাসো-ফ্যারিংজ (নাকের ভিতর) বা ওরো-ফ্যারিংজে (মুখের ভিতর) আশ্রয় নিচ্ছে না। ফলস্বরূপ, নাক ও মুখ থেকে নেওয়া স্যাম্পলে রাপিড অ্যান্টিজেন টেস্ট (আরএটি) এবং রিভার্স ট্রান্সক্রিপ্টেজ - পলিমােরেজ চেইন রিএকশন (আরটি-পিসিআর) উভয়ই নেগেটিভ রিপোর্ট দিচ্ছে।
৩. এর সাথে রয়েছে পরীক্ষার বিশাল বোঝা এবং ভাইরাল ট্রান্সপোর্ট মিডিয়াম (ভিটিএম) যার জন্য নিয়মিত কোল্ড চেনের রক্ষণাবেক্ষণ প্রয়োজন। যদি চেনটি কোন সময় বজায় না থাকে, তাহলে আরটি-পিসিআর-এর ফলাফল নেগেটিভ হতে পারে।